

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩০১

আগরতলা, ১৯ ডিসেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে রাজস্ব সচিব
ভূমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয়
নিয়ে ২১ ডিসেম্বর সারা রাজ্যে মহড়া

ভূমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয় নিয়ে রাজ্যবাসীকে সচেতন করতে আগামী ২১ ডিসেম্বর সারা রাজ্যে মহড়া অনুষ্ঠিত হবে। ভূমিকম্প নিয়ে রাজ্যের ৪১টি জায়গায় এই মহড়ার আয়োজন করা হয়েছে। রাজ্যের ৮টি জেলার মধ্যে পশ্চিম ত্রিপুরা জেলার ৬টি জায়গায় এবং অন্য ৭টি জেলার ৫টি করে জায়গায় মহড়ার জন্য স্থান নির্দিষ্ট করা হয়েছে। এরমধ্যে রয়েছে বিদ্যালয়, হাসপাতাল, সরকারি বাড়ি, বসতি এলাকা, বাজার, সেতু ও রাসায়নিক বিপর্যয় হতে পারে এমন স্থান। ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির সহযোগিতায় যৌথভাবে এই মহড়ার আয়োজন করেছে ত্রিপুরা ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি ও সংশ্লিষ্ট জেলার ডিস্ট্রিক্ট ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান রাজস্ব দপ্তরের সচিব ড. টি কে দেবনাথ। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ দাস।

সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব জানান, ত্রিপুরা ভূমিকম্প প্রবণ এলাকায় অবস্থিত। ভূমিকম্প যদি রাজ্যে ক্ষয়ক্ষতি হয়ে থাকে তবে কিভাবে উদ্ধার ও ত্রাণের কাজ করা হবে তার প্রস্তুতির জন্যই এই মহড়ার আয়োজন করা হয়েছে। গত বছরও এ ধরনের মহড়ার আয়োজন করা হয়েছিল। তিনি জানান, ২১ ডিসেম্বর সকালে সাইরেন বাজানো হবে। এরপরই মহড়া শুরু হবে। তিনি জানান, সাইরেনের শব্দ শুনে রাজ্যবাসী যেন আতঙ্কিত না হয়ে পড়েন। এই মহড়া আয়োজনের জন্য ইতিমধ্যেই বৈঠক অনুষ্ঠিত হয়। তাতে রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহাও উপস্থিত ছিলেন। বৈঠকে এনডিএমএ-এর সদস্য লেফটেন্যান্ট জেনারেল সৈয়দ হাসনিয়ান দিল্লি থেকে ভিডিও কনফারেন্সে অংশ নেন। এর আগে বৈঠকে এনডিএমএ-এর সিনিয়র কনসালটেন্ট মেজর জেনারেল সুধীর ভাল সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের নিয়ে মহড়া আয়োজনের বিষয়ে বৈঠক করেন। রাজস্ব দপ্তরের সচিব জানান, এনডিএমএ রাজ্য সরকারের এই উদ্যোগের প্রশংসা করেছে।
